

**উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর পরিবেশ ও বন কমিটির জুন ২২ মাসের সভার কার্যবিবরণীঃ**

**সভাপতিঃ আফরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,**

**উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা**

**স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ**

**তারিখঃ ২৬.০৬.২০২২ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা ।**

**সভায় উপস্থিত বৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সভা পরিচালনার জন্য সদস্য সচিব, উপজেলা বন কর্মকর্তা জনাব মোঃ মঞ্জুরুল হাসান অনুরোধ জানান। উপজেলা বন কর্মকর্তা সকলকে ধন্যবাদ জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠকরে শুনান এবং কোন সংশোধনি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর তিনি সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। অদ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত হয়।

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	(২) গাছ লাগানো ও রক্ষণাবেক্ষণ	উপজেলা বনকর্মকর্তা সভায় বলেন যে, প্রত্যেকের বাড়ির আঙিনায় বা আশেপাশে একটি গাছ লাগানোর জন্য জনসাধারণকে অনুপ্রাণিত করার জন্য ইউপি চেয়ারম্যানমহোদয়গণকে ও সংশ্লিষ্টদের অনুরোধ জানান। তিনি গাছ লাগানোর পাশাপাশি গাছের যত্ন নেয়ার জন্যও বলেন।	বিস্তারিত আলোচনান্তে নার্সারি জনপ্রতিনিধিসহ সকলকেই নিজ নিজ বাড়ির আঙিনায় ও আশে-পাশে ফুল, ফল, ঔষধি গাছসহ বিভিন্ন প্রজাতির গাছ লাগাতে হবে এবং গাছের যত্ন নিতে হবে।	সংশ্লিষ্ট সকল
০২	বিবিধ	সভাপতি বলেন যে, উপজেলা বন কর্মকর্তার পরামর্শ অনুযায়ী সকলের আঙিনায় ও আঙিনার আশে-পাশে বিভিন্ন প্রজাতির গাছ লাগানোর জন্য সকলকে অনুরোধ করেন। এতে একদিকে যেমন অর্থনৈতিকভাবে উপকৃত হওয়া যাবে অপরদিকে পরিবেশও সুন্দর থাকবে। অত্র উপজেলায় নিয়মিত হতে হবে। সবসাধারণকে গাছ লাগানোর জন্য উদ্বুদ্ধ করার পরামর্শ দেন তিনি। অঙ্গিজেনের জন্য গাছের তথা বনায়ন বৃদ্ধি করতে হবে।	সভায় বিস্তারিত আলোচনান্তে পরিবেশ রক্ষায় পর্যাপ্ত পরিমাণ গাছের লাগাতে করতে হবে।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



(আফরোজা বেগম)

ভাইস চেয়ারম্যান(মহিলা)

উপজেলা পরিষদ

কলমাকান্দা, নেত্রকোণা


স্মারক নং-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

২। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

তারিখঃ ২৬.০৬.২০২২।



মোঃ মঞ্জুরুল হাসান  
উপজেলা বন কর্মকর্তা  
কলমাকান্দা, নেত্রকোণা